

জোনাকি জ্বলে উঠুক লিরিক্স:-

বৃষ্টি পড়ার আগে কখনো মেঘ দেখতে নেই
সন্ধ্যে নামার পরে শাঁখের আওয়াজ ভালো লাগে,
এক রাজকন্যার ছাদের ওপর পরী নামার সময়
তারার মিছিল সারা রাত শুধু তোমার কথা বলে।

জিন্দাবাদী প্রেমের গল্প বিপ্লবের এক নাম
আমার আদর তোমার কাছে আজান হয়ে উঠুক,
ঠোঁটের ওপর ঠোঁট রাখার শিরোনাম টুকু থাক
আমার শহরে জল এর ওপর গোলাপ ফুল ফুটুক।

এভাবেই রোজ, এভাবেই
জোনাকি জ্বলে উঠুক, জ্বলে উঠুক,
এভাবেই রোজ, এভাবেই জোনাকি জ্বলে উঠুক,
জোনাকি জ্বলে উঠুক।

শরীর আগুন শরীর জল মেঘ টেনে দাও গায়ে
মাখামাখি শুয়ে সেই দাবানল খুঁজে বেড়াই,
তুমি আমার হাত ধরে চলো নদীর ওপর হাঁটি
মোমবাতি খুঁজতে গিয়ে লোডশেডিং কে হারাই।

এভাবেই রোজ, এভাবেই
জোনাকি জ্বলে উঠুক, জ্বলে উঠুক,
এভাবেই রোজ, এভাবেই জোনাকি জ্বলে উঠুক,
জোনাকি জ্বলে উঠুক।

জড়িয়ে ধরো জাপ্টে ধরো ছেড়ে না আমায়
আমি হারিয়ে যাবো তোমার ভেতর
তোমার হাতে ধরে,
চলো আবার দুজন তারার দিকে হেঁটে চলে যাই
জোনাকি দেখে জ্বলছে আবার রাতের আকাশ জুড়ে।

এভাবেই রোজ, এভাবেই
জোনাকি জ্বলে উঠুক, জ্বলে উঠুক,
এভাবেই রোজ, এভাবেই জোনাকি জ্বলে উঠুক,
জোনাকি জ্বলে উঠুক। (২)